

তবু পারি নে সঁপিতে প্রাণ ।
 পলে পলে মরি সেও ভালো, সহি পদে পদে অপমান ॥
 কথার বাঁধুনি, কাঁদুনির পালা— চোখে নাহি কারো নীর ।
 আবেদন আর নিবেদনের থালা ব'হে ব'হে নত শির ।
 কাঁদিয়ে সোহাগ, ছি ছি একি লাজ ! জগতের মাঝে ভিখারির সাজ—
 আপনি করি নে আপনার কাজ, পরের ' পরে অভিমান ॥
 আপনি নামাও কলঙ্কপশরা, যেয়ো না পরের দ্বার—
 পরের পায়ে ধ'রে মান ভিক্ষা করা সকল ভিক্ষার ছার ।
 'দাও দাও' ব'লে পরের পিছু পিছু কাঁদিয়া বেড়ালে মেলে না তো কিছু—
 মান পেতে চাও, প্রাণ পেতে চাও, প্রাণ আগে করো দান ॥

Parjaay: Swadesh (9), Taal: Ektaal, Raag: Pilu
 Visit www.geetabitan.com for notation and other detail